

প্রতিবন্ধিতা বিষয়ক কার্যক্রমের জন্য বিসিসি'র আন্তর্জাতিক অ্যাওয়ার্ড অর্জন

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক বাস্তবায়নাধীন "তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন" শীর্ষক প্রকল্প এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আইসিটি খাতে সবচেয়ে বড় ও মর্যাদাপূর্ণ সংস্থা এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন (অ্যাসোসিও) কর্তৃক Outstanding User Organization ক্যাটাগরিতে ASOCIO Award 2021 লাভ করেছে।

ঢাকায় অনুষ্ঠিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের বিশ্ব সম্মেলন 'ওয়ার্ল্ড কংগ্রেস অন ইনফরমেশন টেকনোলজি ২০২১ (ডব্লিউসিআইটি ২০২১)' এর দ্বিতীয় দিনে ওয়ার্ল্ড আইটি সার্ভিসেস অ্যালায়েন্স (উইটসা) আয়োজিত এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি ডিভিশনের সহায়তায় বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে বিগত ১২ই নভেম্বর ২০২১ তারিখে উক্ত অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

অ্যাসোসিও'র প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ভাইস চেয়ারম্যান জনাব জন চৈ, আইটি এন্ড ডিজিটাল ব্যুরো এর প্রধান নির্বাহী কর্মকর্তা এবং চেয়ারম্যান জনাব বুনরাক সারাগ্লানন্দ, জেএএন এসোসিয়েটস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল্লাহ কাফি এর নিকট হতে পুরস্কারটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের পক্ষে নির্বাহী পরিচালক জনাব ড. মোঃ আব্দুল মান্নান,পিএএ এবং প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ মনোয়ার উজ্জ্বল জামান ও উপ-প্রকল্প পরিচালক জনাব মোঃ গোলাম রব্বানী পুরস্কারটি আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন।

এশিয়ান-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন (অ্যাসোসিও) একটি আইসিটি ফেডারেশন, যেটি ১৯৮৩ সালে এশিয়া ও ওসেনিয়া অঞ্চলের ২৪টি দেশের ন্যাশনাল আইসিটি অ্যাসোসিয়েশনস-এর সমন্বয়ে 'অ্যাসোসিও' গঠিত হয়। প্রতিষ্ঠানটি প্রতিবছর ৪টি ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড প্রদান করে থাকে।

